# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা,নকশা ও গবেষণা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Block-F, Level-5, Pani Bhaban,
72 Green Road, Dhaka-1205
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২২-৪১ তারিখঃ ০৭/০৬/২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

"জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন পঁচাবহলা ও সাদিপাটি এলাকা আলাই নদীর ভাঙ্গন হতে রক্ষা" শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের বিস্তারিত সম্ভাব্যতা সমীক্ষার নিমিত্ত মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন তৈরীর জন্য বহিঃস্থসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রঃ | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ সুমন মিয়া, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মোঃ মসিহুর রহমান ঠাকুর, উপ-প্রধান (অর্থনীতি), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ আকবর হোসেন, উপ-প্রধান (পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলী, পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৬। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, জামালপুর পওর বিভাগ, বাপাউবো, জামালপুর। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক মতামত গ্রহণ করে বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রস্তাবিত এলাকার ভাঙ্গনপ্রবণ ও ঝুঁকিপূর্ণ স্থানসমূহ চিহ্নিতকরণ, ভাঙ্গনের কারণ ও সকল নদী/খালসমূহের গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনা ও তার জন্য প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন;

গ) প্রস্তাবিত প্রকল্পের আওতায় নদী ভাঙ্গন রোধে স্থায়ী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প এলাকার বর্তমান পরিস্থিতি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট নদী/খালসমূহের (channels) পানি ধারণ ক্ষমতা ও নাব্যতা বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের সংস্থান, বিদ্যমান পানি অবকাঠামোর পূর্নবাসনসহ অন্যান্য কাজের বা পানি অবকাঠামো নির্মাণ/পূনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশমালা পেশ করবেন;

ঘ) খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন;

ঙ) প্রযোজ্য ক্ষেত্রসমূহে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য দৃষ্টি নন্দন ওয়াকওয়ে, সিড়ি/ঘাট, ওয়াশরুম ও বেঞ্চ নির্মাণ, তীর বরাবর পার্ক নির্মাণ ও গাছপালা রোপনসহ সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

চ) বাপাউবো'র চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ছ) প্রকল্পটি বা এর কোন অঙ্গ অন্যান্য শীঘ্র বাস্তবায়িত, চলমান বা বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত হলে যথাযথ প্রমাণকসহ করনীয় বিষয়ে সুপারিশ পেশ করবেন।

জ) প্রকল্প বাস্তবায়নে পরিবেশগত বিরূপ প্রভাব বিশ্লেষণ ও ঋণাত্মক প্রভাব নিরাময়ের সম্ভাব্য উপায়সমূহ নিরূপণপূর্বক পরিবেশ সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন প্রণয়ন ও সংযুক্ত করবেন;

ঝ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ঞ) কমিটি WARPO Guidelines অনুসরন করবেন।

২। কমিটি প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা দপ্তর হতে স্মারক নং-১০৫২ তারিখঃ ২৪-১১-২০১৯ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/5479.pdf) এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী এবং প্রধান প্রকৌশলী, নকশা দপ্তরের স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০ তারিখঃ ২৮/০২/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/9730.pdf) অনুসরণপূর্বক সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। কমিটি কর্তৃক প্রাথমিক পরিদর্শনে প্রকল্প ব্যয় ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্দ্ধে প্রতীয়মান হলে সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের পরিবর্তে যথাযথ ব্যাখ্যাসহ বিকল্প প্রস্তাবসহ প্রকল্প ধারণা পত্র (Project Concept Paper/ PCP) Soft Copy সহ দাখিল করবেন।

৪। মূল প্রতিবেদনের Soft Copy অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের ই-মেইল adgpl.bwdb@gmail.com ঠিকানায় প্রেরণ করবেন।

৫। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

07/06/2022

(মোঃ আঃ মজিদ)
পরিচালক (চলতি দায়িত্ব) এবং
উপ-সচিব (পরিকল্পনা, নকশা ও গবেষণা) (অঃ দাঃ)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
বাপাউবো, ঢাকা।

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ সুমন মিয়া, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মোঃ মসিহুর রহমান ঠাকুর, উপ-প্রধান (অর্থনীতি), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোঃ আকবর হোসেন, উপ-প্রধান (পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলী, পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী, জামালপুর পওর বিভাগ, বাপাউবো, জামালপুর।
৬। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৭। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২-৩। প্রধান প্রকৌশলী, নকশা/ কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৪-৫। যুগ্ম-প্রধান/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর/ ময়মনসিংহ পওর সার্কেল, বাপাউবো, ঢাকা/ ময়মনসিংহ।
৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৯। অফিস কপি।

**IWM**
Water Environment & Climate
**INSTITUTE OF WATER MODELLING**
Plot # 06, Road-3/C, Block-H, Sector-15, Uttara, Dhaka-1230. BANGLADESH
Phone : 880-2-55087611-4
Fax : 880-2-55087615
Email : iwm@iwmbd.org
Website : www.iwmbd.org

স্মারক নং- ৪২.০৭.০০৬.০১.০৪.০০০১.২০২২/৩৬৭৭ তারিখঃ ০৮ জুন ২০২২ ইং

মোঃ আঃ মজিদ
পরিচালক (চলতি দায়িত্ব) এবং
উপ-সচিব (পরিকল্পনা, নকশা ও গবেষণা) (অঃ দাঃ)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
পানি ভবন, ব্লক-এফ, লেভেল-৫,
গ্রীন রোড, ঢাকা।
ইমেইলঃ adgpl.bwdb@gmail.com

**বিষয়ঃ “জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন পঁচাবহলা ও সাদিপাটি এলাকা আলাই নদীর ভাঙন হতে রক্ষা” শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের বিস্তারিত সম্ভাব্যতা সমীক্ষার নিমিত্ত মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন তৈরীর জন্য গঠিত সমীক্ষা সম্পাদন কমিটিতে অংশগ্রহনের জন্য IWM কর্তৃক উপর্যুক্ত কর্মকর্তাগণ মনোনয়ন প্রদান প্রসঙ্গে।**

সূত্র ঃ স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২২-৪১ তারিখ: ০৭/০৬/২০২২ খ্রিঃ

জনাব,

উপরোক্ত সূত্রোস্থ এবং বিষয়ের প্রেক্ষিতে ইনষ্টিটিউট অব ওয়াটার মডেলিং থেকে উক্ত কমিটির কার্যক্রমে অংশগ্রহনের জন্য আইডব্লিউএম হতে নিম্নে বর্ণিত ১ জন বিশেষজ্ঞ কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হলোঃ

| Sl | Name | Designation | Mobile | Email |
|---|---|---|---|---|
| 1 | Mr. Muhammad Anowar Saadat | Senior Specialist, River Engineering Division, IWM | 01714-473951<br>01841-930022 | ans@iwmbd.org |

এ ব্যাপারে সহযোগীতার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

Abu Saleh Khan

আবু সালেহ খান
নির্বাহী পরিচালক
ইনষ্টিটিউট অব ওয়াটার মডেলিং

অনুলিপিঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৬, বাপাউবো, ঢাকা এবং আহাবায়ক, উক্ত আলোচ্য কমিটি;
২। উপ-নির্বাহী পরিচালক (অপঃ) / (পিএন্ডডি), আইডব্লিউএম, ঢাকা।
৩। পরিচালক, রিভার ইঞ্জিনিয়ারিং ডিভিশন, আইডব্লিউএম, ঢাকা।
৪। জনাব এম আনোয়ার সাদাত, সিনিয়র স্পেশালিষ্ট, রিভার ইঞ্জিনিয়ারিং ডিভিশন, আইডব্লিউএম, ঢাকা।